# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا» . رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ وَابْن مَاجَه

## বাংলা

৮৫৭-[৩৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইমাম এজন্য নিয়োগ করা হয় যে, তাকে অনুসরণ করা হবে। তাই ইমাম ’আল্লা-হু আকবার’ বললে তোমরাও ’আল্লা-হু আকবার’ বলবে। ইমাম যখন ক্বিরাআত (কিরআত) তিলাওয়াত করবে, তোমরা তখন চুপ থাকবে। (আবূ দাঊদ, নাসায়ী ও ইবনু মাজাহ্)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৯৭৩, নাসায়ী ৯২১, ইবনু মাজাহ্ ৮৪৬, সহীহুল জামি‘ ২৩৫৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম মালিক ও আহমাদ-এর মতে, যে সালাতে ক্বিরাআত (কিরআত) জোরে পড়া হয় তাতে মুক্তাদী চুপ থাকবে ও শুনবে এবং ইমামের সাকতাতে ফাতিহাহ্ পড়বে। কিন্তু যে সালাতে ক্বিরাআত (কিরআত) চুপে চুপে পড়া হয় ইমামের পেছনে মনে মনে পড়বে।

ইমাম মালিক, শাফি‘ঈ, আহমাদ, রহ্ওয়াই ও ইসহাক প্রমুখের মতে ইমামের পিছনে মুক্তাদীর জন্যে সব সালাতেই শুধুমাত্র সূরাহ্ ফাতিহাহ্ পড়া ওয়াজিব। অন্য ক্বিরাআত (কিরআত) পড়া ওয়াজিব নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55416

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন